

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৪.২০১৯/২৫৭২/৪

তারিখ: ০৭/০৪/১৪২৬বঙ্গাব্দ
২২/০৭/২০১৯খ্রিস্টাব্দ

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১০৩২/২০১৬ এর সার্টিফাইড কপি প্রেরণ করা সংক্রান্ত।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭০.৯৩.০০১.১৯.১২২; তারিখ: ১৩/০৫/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্র পত্র মোতাবেক ঝিনাইদহ জেলার অন্তর্গত কালীগঞ্জ উপজেলাধীন মাহতাব উদ্দিন ডিগ্রি কলেজের (জাতীয়করণকৃত) অধ্যক্ষকে ১১/০২/২০১৯খ্রি. তারিখে ১০৩২/২০১৬ নং রিট পিটিশনের মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার পূর্বক পুনর্বহাল করা যাবে কিনা এ বিষয়ে আইনগত মতামত প্রদান করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে।


ঝিনাইদহ জেলার অন্তর্গত কালীগঞ্জ উপজেলাধীন মাহতাব উদ্দিন ডিগ্রি কলেজের (জাতীয়করণকৃত) মোঃ মাহবুবুর রহমান, অধ্যক্ষ ২০১৪ সালের ১লা সেপ্টেম্বর কলেজ পরিচালনা পরিষদের অনুমোদিত ছুটি নিয়ে পবিত্র হজ্ব পালনের উদ্দেশ্যে মক্কা শরীফে যান। মক্কা শরীফে থাকা অবস্থায় ২৪/১০/২০১৪খ্রি. তারিখ কারণ দর্শানো ছাড়াই মোঃ মাহবুবুর রহমান, অধ্যক্ষ কে সাময়িক বরখাস্ত করা হয়। তিনি সাময়িক বরখাস্তের আদেশের বিরুদ্ধে রিট পিটিশন নং- ৮২৬১/১৪ দায়ের করেন। মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক জাতীয় বিশ্ববিদ্যালয় উভয় পক্ষের শুনানী সম্পন্নপূর্বক মোঃ মাহবুবুর রহমান, অধ্যক্ষ এর বিরুদ্ধে আনীত কোন অভিযোগ প্রমাণিত না হওয়ায় ০৫/০১/২০১৬খ্রি. তারিখে তাঁকে স্বপদে পুনর্বহালের জন্য অনুরোধ করে। কলেজ কর্তৃপক্ষ মহামান্য হাইকোর্টে জাতীয় বিশ্ববিদ্যালয় এবং মাউশির নির্দেশনা বাস্তবায়ন না করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ১০৩২/২০১৬ দায়ের করে আদেশের কার্যকারিতা স্থগিত করেন।

১১/০২/২০১৯খ্রি. তারিখে রিট পিটিশন নং- ১০৩২/২০১৬ এর চূড়ান্ত রায় মোঃ মাহবুবুর রহমান, অধ্যক্ষ এর পক্ষে আসায় এবং ২৪/০৪/২০১৯খ্রি. তারিখে সরকারিকরণের লক্ষে পদ সৃজনের বিবেচনা করা একান্ত মানবিক কারণে তাঁকে অধ্যক্ষ পদে বহালের জন্য অনুরোধ করেছেন।

মোঃ মাহবুবুর রহমান, অধ্যক্ষকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক পুনর্বহাল করা যাবে কিনা এ বিষয়ে আইন শাখার মতামত গ্রহণ করা হয়।

আইন শাখার মতামত: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১০৩২/২০১৬ এর রায়ের কপি দেয়া হয়নি।

এমতাবস্থায়, আইন শাখার মতামতের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১০৩২/২০১৬ এর রায়ের সার্টিফাইড কপি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২২.০৭.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

মাহতাব উদ্দিন ডিগ্রি কলেজ (জাতীয়করণকৃত)

কালীগঞ্জ, ঝিনাইদহ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ
- ৪। সংরক্ষণ নথি।